


উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : পাপিয়া আক্তার
 উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
 সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, বাসাইল, টাঙ্গাইল।
 সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।
 তারিখ : ৩১/০৭/২০২৩
 উপস্থিতি : সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নলিখিত ভাবে সভায় আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	বাল্যবিবাহ সংক্রান্ত ইউনিয়ন/পৌর কমিটি গঠন সংক্রান্ত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৮ তে ইউনিয়ন কমিটির রুপরেখা দেয়া আছে। পৌরসভার ক্ষেত্রে কোন কমিটির উল্লেখ নাই। ইউনিয়ন কমিটির অনুরূপ সদস্য রেখে বাসাইল পৌরসভায় মেয়র মহোদয়কে সভাপতি এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে সদস্য সচিব করে পৌর বাল্যবিবাহ নিরোধ কমিটি গঠন করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনা হয়।	১.১ ইউনিয়ন কমিটির সদস্যের অনুরূপ সদস্য রেখে মেয়রকে সভাপতি এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে সদস্য সচিব করে পৌর বাল্যবিবাহ নিরোধ কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১.২ আগস্ট-২৩ মাসের মধ্যে পৌরসভা এবং ইউনিয়ন হতে কমিটি গঠন করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিলের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	০১. মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল। ০২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল ০২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০২.	সচেতনতামূলক কার্যক্রম সংক্রান্ত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় আরও জানান যে, তার দপ্তর থেকে উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহের কুফল এবং বাল্যবিবাহের আইন সম্পর্কে সর্বস্তরের জনগণকে সচেতন করা হচ্ছে এবং ১০৯/৩৩৩ নম্বর সকলকে অবগত করানো হচ্ছে। এছাড়াও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন গুলোতে বাল্যবিবাহের কুফল সম্পর্কে উঠান বৈঠক করা হচ্ছে।	২.১ কমিটির সকল সদস্যকে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ২.২ ১০৯ ও ৩৩৩ টোল ফ্রি হেল্প নম্বর ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	০১. কমিটির সকল সদস্য, বাসাইল, টাঙ্গাইল

সভাপতি উপস্থিত সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ বলেন যে, বাসাইল উপজেলার কোথাও বাল্যবিবাহ সংঘটিত হলে ১০৯/৩৩৩ নম্বরে কল করে তথ্য প্রদান করা অথবা উপজেলা প্রশাসনকে অবগত করানোর জন্য অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ৩১/০৭/২০২৩

পাপিয়া আক্তার
 উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি


বাসাইল, টাঙ্গাইল।

স্মারক নং- ৩২.০১.৯৩০৯.০০০.০৬.০১৪.২২. ২৬৬

তারিখ ৩১/০৯/২০২০খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
- ০৩। মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।
- ০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
- ০৫। অফিসার ইনচার্জ, বাসাইল থানা, বাসাইল, টাঙ্গাইল।
- ০৬। উপজেলা কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।
- ০৭। চেয়ারম্যান, ফুলকী/বাসাইল সদর/হাবলা/কাশিল/কাঞ্চনপুর/কাউলজানী ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
- ০৮। অধ্যক্ষ/প্রধানশিক্ষক/সুপার..... বাসাইল, টাঙ্গাইল।
- ০৯। সভাপতি, নিকাহ রেজিস্ট্রার সমিতি/পুরোহিত সমিতি, বাসাইল, টাঙ্গাইল।
- ১০। উপজেলা ব্যবস্থাপক, ব্রাক/এসএসএস, বাসাইল, টাঙ্গাইল।
- ১১। জনাব রেজাউল করিম, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, বাসাইল, টাঙ্গাইল।
- ১২। সভানেত্রী, দেউলী জাগরণী মহিলা কল্যাণ সমিতি, গ্রাম: দেউলী, পো: দেউলী, বাসাইল, টাঙ্গাইল।
- ১৩। হাসিবুল হাসান সাদিক, শ্রেণি....., বাসাইল গোবিন্দ সরকারি উচ্চ বিদ্যালয়, বাসাইল, টাঙ্গাইল।
- ১৪। জান্নাত আরা জুঁথী, শ্রেণি....., বাসাইল বালিকা উচ্চ বিদ্যালয়, বাসাইল, টাঙ্গাইল।
- ১৫। অফিস নথি।


কণিকা মল্লা

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি

বাসাইল, টাঙ্গাইল।